সম্মিলিত পেশাজীবী পরিষদের উদ্যোগে ধানের শীষের প্রচারণা

বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে কুষ্টিয়া পৌরসভার মেয়র হিসেবে বিএনপির সমর্থিত ধানের শীষের প্রার্থী বশিরুল আলম চাঁদের পক্ষে প্রচারণা চালিয়েছে।

বৃহস্পতিবার দিনভর সংগঠনের সদস্য সচিব এ্যাড শামীম উল হাসান অপুর নেতৃত্বে কুষ্টিয়া কোর্ট এলাকায় এসব প্রচারণা চালানো হয়।

এসময় নির্বাচনী প্রচারণায় উপস্থিত ছিলেন এ্যাড. ইকবাল হোসেন, এ্যাড. নুরুল ইসলাম, এ্যাড. ইকবাল খান, এ্যাড.আশরাফুল রেজা শিমুল, এ্যাড. আবুল হাসিম বাদশা, এ্যাড. হাফিজুর রহমান হিরা, এ্যাড. খাইরুল ইসলাম, শিক্ষানবিশ এ্যাড. মোঃ বকুল আলী, ইসতিয়াক মাহাম্মুদ শিবলু, মোঃ মুজিবুল ইসলাম, জেলা যুবদলের আইন বিষায়ক সম্পাদক আশরাফুল হোসেন নয়ন, সাবেক ছাত্রনেতা মমিনুল ইসলাম মমিন, স্বেচ্ছাসেবক দলের নেতা শরিফুল ইসলাম, আব্দুল্লাহ আল নোমান প্রমুখ।

নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ঠিক ইতিহাস জানতে হবে

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গার বধ্যভূমি সংলগ্ন পার্কের জায়গা পরিদর্শন করেন।

পরিদর্শনকালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, চিত্ত বিনোদনের পাশাপাশি মুক্তিযুদ্ধের ইতিহাসকে জানাতেই এই বধ্যভূমি পার্ক নির্মাণ করা হচ্ছে। নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ঠিক ইতিহাস জানতে হবে।

আজকে মুক্তিযুদ্ধের ইতিহাসকে বিকৃত করতে স্বাধীনতা বিরোধীরা উঠে

পড়ে লেগেছে। দেশে গুজব ছড়িয়ে বিভ্রান্তি সৃস্টি করছে। সকল ষড়যন্ত্র রুখে দিয়ে দেশকে আরো উন্নয়নের শিখরে নিয়ে যেতে হবে।

বধ্যভূমি পরিদর্শনকালে আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী, থানার অফিসার ইনচার্জ আলমগীর কবির, সাবেক উপজেলা চেয়ারম্যান হেলাল উদ্দিন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি বিশিষ্ট ব্যবসায়ী লিয়াকত আলী লিপু মোল্লা, সাবেক চেয়ারম্যান মতিয়ার রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাড: সালমুন আহম্মেদ ডন, পৌর আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু,

কুমারী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, আওয়ামী লীগ নেতা আমিনুল ইসলাম অপু মোল্লা, যুবলীগ নেতা আহসান উল্লাহ, সাজ্জাদুল ইসলাম স্বপন, পৌর ছাত্রলীগ সভাপতি নয়ন সরকার, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা রেজাউল হক তবা, জাহাঙ্গীর হেসেন, খন্দকার মজিবুল হক, ইউনিয়ন যুবলীগ নেতা টুটূল, ছাত্রলীগ নেতা নাহিদ হাসান তমাল, হাসানুজ্জামান হাসান, সাকিব, রকি প্রমুখ।

জীবননগর পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মানিকের মৃত্যু

জীবননগর পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক নাজমুল আলম মানিকের অকাল মৃত্যুতে বিভিন্ন মহল শোক প্রকাশ করেছে।

গতকাল বৃহস্পতিবার রাতে নিজ বাড়ি জীবননগর পৌর সভার ৭নং ওর্য়াড পোস্ট অফিস পাড়ায় হৃদরোগে আক্রান্ত হলে তাকে চিকিৎসার জন্য যশোর সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে তার মৃত্যু হয়।

নাজমুল আলম মানিক জীবননগর পৌর সভার ৭নং ওয়ার্ড পোস্ট অফিস পাড়ার মৃত রবজেল মন্ডলের ছেলে এবং জীবননগর পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক।

সে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারী হিসেবে কর্মরত ছিলো। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগা ময়দানে জানা যার নামাজ শেষে কেন্দ্রীয় কবর স্থানে দাফন করা হয়।

মরহুমের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল, চুয়াডাঙ্গা পৌর সভার মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু, সাবেক কমিশনার রফিকুল ইসলাম, সাংবাদিক জাহিদ বাবু, মাজেদুল মিল্টন, সে¦চ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, বন্ধু রক্তদান কেন্দ্রের সভাপতি তুহিনুজ্জামান প্রমুখ।

জীবননগরে মহেশপুর-৫৮ বিজিবির পরিচালক লে.কর্ণেল কামরুল আহসানকে সংবর্ধনা প্রদান

চোরাচালান নিরোধ ও মাদকদ্রব্য আটকে সমগ্র ব্যাটালিয়নের মধ্যে মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়ন রার্নাসআপ হওয়ায় মহেশপুর-৫৮ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে.কর্ণেল কামরুল আহসানকে সংবর্ধনা ও সম্মননা স্বরুপ ক্রেস্ট প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১২টার সময় জীবননগর সে¦চ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে এ সংবর্ধনা ও সম্মনা স্বারক ক্রেস্ট প্রদান করা হয়।

জীবননগর শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহেশপুর -৫৮ বিজিবির পরিচালক লে.কর্ণেল কামরুল আহসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের

চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপধ্যক্ষ নজরুল ইসলাম, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন, শিক্ষক আঃ সামাদ, সামিউল ইসলাম সাহেব, জাকির বিশ্বাস, মাজেদুল মিল্টনসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার চাষী রমজান, মফিজুল ইসলাম, হোসেন আহম্মেদ লাবনী, ঐশ্বর্য সাহা, সাদিয়া, রিয়াজ, সোহাগ, প্লাবন, মিম, তনু, আঃ আলিমসহ এলাকার সুধী, সাংবাদিক ও শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যগণ।

এ সময় প্রধান অতিথিকে সম্মনা স্বারক প্রদান করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ, কোষাধ্যক্ষ হুসাইন আহম্মেদ, জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান, সাধারণ সম্পাদক লাবনী।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান ।

জীবননগরে গৃহহীনকে শিকড় সমাজ কল্যাণ সংস্থার পক্ষ থেকে ঘর উপহার

জীবননগরে অসহায় গৃহহীনকে একটি ঘর উপহার দেওয়া হয়েছে। গতকাল সকাল ১১টার সময় শিকড় সমাজ কল্যাণ সংস্থার আয়োজনে এবং এবলুম বাংলার সহযোগিতায় ৩৫হাজার টাকা ব্যয়ে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের মেদনীপুর গ্রামের গৃহহীন আলতাপ হোসেনকে সেচ্ছাশ্রমে নির্মিত একটি ঘর উপহার দেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যরা।

শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে সে¦চ্ছাশ্রমে নিমির্তি ঘর উপহার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহেশপুর ব্যাটালিয়ন -৫৮ বিজিবির পরিচালক লে.কর্ণেল কামরুল আহসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর ডিগ্রী কলেজের সাবেক উপধ্যক্ষ নজরুল ইসলাম, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়রম্যান মঈন উদ্দিন ময়েন, শিক্ষক আঃ সামাদ, সামিউল ইসলাম সাহেব, মাজেদুল মিল্টন, জাকির বিশ্বাসসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থার চাষী রমজান, মফিজুল ইসলাম, হোসেন আহম্মেদ লাবনী, ঐশ্বর্য সাহা, সাদিয়া, রিয়াজ, সোহাগ, প্লাবন, মিম, তনু, আঃ আলিমসহ এলাকার সুধী, সাংবাদিক ও শিকড় সমাজ কল্যাণ সংস্থার সদস্যগণ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান ।

দর্শনা কেরু’জ মিলে আখ সংগ্রহে অনিয়ম

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় অবস্থিত কেরু এন্ড কোম্পানি একটি ভারি শিল্প প্রতিষ্ঠান। এই কেরু’জ চিনিকলে আখ থেকে চিনি, গুড়, চিটাগুড়, মদ ইত্যাদি উৎপাদন করা হয়। আখই কেরু’জ চিনিকলের মূল কাঁচামাল, আখ ছাড়া এই চিনিকল পরিচালনা করা অসম্ভব।

কিন্তু দর্শনা কেরু’জ চিনিকলেএই মূল কাঁচামাল আখ সংগ্রহে অনিয়ম দেখা গেছে। সেন্টার বাদে অনুমোদন ছাড়াই মদনা মাঠে ট্রাক্টরে আখ লোড দিতে দেখা গেছে। আর এই অনিয়ম কারণেই আখ চাষি ক্ষতিগ্রস্ত হচ্ছে যার কারণে মুখ ফিরিয়ে নিচ্ছে সাধারণ চাষি।

এই বিষয়ে কেরু এন্ড কোম্পানির জিএম গিয়াস উদ্দীনের সাথে মুঠোফোনে যোগাযোগ করলে তিনি বলেন, আমি এখন ঢাকায় আছি, আমি এখন এ বিষয়ে কোন কথা বলবো না।

এ বিষয়ে কেরু’জ সিআই মনির উদ্দীনের কাছে আখ মাঠ থেকে কেটে নেওয়ার পর সেন্টার এর অনুমোদন ছাড়া মাঠে ট্রাক্টরে লোড করার কোন অনুমোদন আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, সেন্টার এর কাটাই ওজন

হবে তারপর ট্রাক্টর লোড হবে এর বীপরিতে কিছু করলে তার কোন অনুমোদন নেই।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) শেখ সাহাবদ্দীনের কাছে জানতে চাইলে তিনি বলেন, আমার জানামতে মদনা মাঠে কেরু এন্ড কোম্পানির ট্রাক্টরে আখ লোডের অনুমোদন নেই।

জানা গেছে, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের হাফিজুল এর ছেলে আখ চাষী আব্দুল আজিজ। এই বিষয়ে তার কাছে জানতে গেলে তিনি সাংবাদিক দেখে দৌড়ে পালিয়ে য়ান। অনুমোদন ছাড়া ট্রাক্টরে আখ লোড দেওয়া গাড়ীর চালান নং ৪৮৩১ এবং গাড়ীর লাইসেন্স নং ২০ এবং ড্রাইভার এর নাম সৈকত আলী।

এ ঘটনায় তদন্ত করলে বেরিয়ে আসবে আসল রহস্য তবে সেন্টার বাদে কিভাবে ট্রাক্টর লোড করে সরকারি অর্থ হাতিয়ে নিচ্ছে একটি কুচক্র মহল। এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব আবু সাইদ ব্যবস্থা নিবেন আশা করছে সাধারণ কৃষককূল ।

বামন্দীতে ব্যাংক এশিয়ার শীতবস্ত্র বিতরণ

গাংনীর বামন্দীতে দুঃস্থ ও শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকালে বেসরকারী প্রতিষ্ঠান ব্যাংক এশিয়া লিঃ বামন্দী শাখার উদ্যোগে ব্যাংক কার্যালয়ে দেড়শ জন দুঃস্থ ও অসহায় মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাবেক চেয়ারম্যান আঃ আওয়াল, প্রবীণ চিকিৎসক ও বিশিষ্ট মুক্তিযোদ্ধা নুরুল হুদা, বাজার কমিটির সাধারণ সম্পাদক আশরাফুল হক বাবু, শিক্ষক জান্নাত, বিশিষ্ট ব্যবসায়ী রবিউল হকসহ অন্যান্যরা।

মুক্তিযোদ্ধা নুরুল হুদা বলেন, ব্যাংক এশিয়ার পক্ষ থেকে

শীতবস্ত্র বিতরণকে সাধুবাদ জানাই, এই ধারা অব্যাহত রাখার পাশাপাশি আরো বেশি মানুষকে সহযোগীতা করার চেষ্টা করবে তাহলে অত্র এলাকার অসহায় মানুষ বেশি উপকৃত হবে।

ব্যাংক এশিয়া বামন্দী শাখার শাখা ব্যবস্থাপক মোঃ জিয়াউর রহমান বলেন, এ এলাকার মানুষকে শুধু ব্যাংকিং সেবা নই, দুঃস্থ ও অসহায় মানুষের কল্যাণে কাজ করে ব্যাংক এশিয়া। আপনাদের সহযোগীতা পেলে আরো বেশি বেশি সহযোগী করতে পারবে ব্যাংক এশিয়া লিঃ।

কালীগঞ্জে ঐতিহ্যবাহি গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতা

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার প্রত্যন্ত গ্রাম সলুয়া পশ্চিমপাড়ায় অনুষ্ঠিত হয়ে গেল ঐতিহ্যবাহি গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতা। গ্রাম বাংলার ঐতিহ্যবাহি এ প্রতিযোগীতা দেখতে হাজির হয়েছিল কয়েক হাজার দর্শক।

গতকাল বৃহস্পতিবার সকাল থেকে প্রতিযোগিতা শুরু হলেও মূল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় বিকাল ৪টায়। সকাল থেকে খেলা দেখতে আশে পাশের গ্রামসহ দূরদুরান্ত থেকে নারী-পুরুষ ও শিশুরা আসতে থাকে। দুপুর গড়াতেই বিলুপ্ত প্রায় এ দৌঁড় প্রতিযোগিতাকে কেন্দ্র করে সৃষ্টি হয় উৎসবের আমেজ। আর রোমাঞ্চকর এই প্রতিযোগিতা ঘিরে আনন্দ মেলা ছিল বাড়তি আকর্ষণ।

জানা যায়, কালীগঞ্জ উপজেলা কাষ্টভাঙ্গা ইউনিয়নের সলুয়া গ্রামের কয়েক তরুণের উদ্যোগে আয়োজন করা হয় এ গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতা।

ঝিনাইদহ, যশোর, চুয়াডাঙ্গা ও মাগুরা জেলা থেকে ১৮ ব্যক্তি তার গরু ও গরুর গাড়ি নিয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। প্রথম স্থান অধিকার করেন যশোর সদর উপজেলার দোহারপাড়া গ্রামের ইউছুপ আলী। দ্বিতীয় ঝিনাইদহের মহেশপুর উপজেলার রজন মিয়া এবং তৃতীয় স্থান অধিকার করেন

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

এ সময় বক্তব্য রাখেন-দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান রফিকুল হাসান তনু, সহ-সভাপতি মোক্কারেম হোসেন, সাংগঠনিক সম্পাদক ইদ্রিস আলী, সদর ইউনিয়ন সভাপতি রহমান মালিতা, বিএনপি নেতা আশরাফুল হক, যুবদল নেতা প্রফেসর আবুল হাশেম মালিথা, আরিফুল ইসলাম, উপজেলা ছাত্র দলের আহ্বায়ক আফজালপুর রহমান সবুজ।

মানববন্ধনে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, ‘নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বর্তমানে এমনভাবে বৃদ্ধি পেয়েছে, যা সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে। এভাবে চলতে থাকলে সাধারণ মানুষকে না খেয়ে থাকতে হবে। অবিলম্বে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যে চাল-ডাল, তেলসহ নিত্য প্রয়োজনীয় বাজার নিয়ন্ত্রণে সরকারের নিকট জোর দাবী জানন।

সরকারের নানামুখী তৎপরতার পরও ভোজ্য তেল, চাল, ডালসহ বিভিন্ন নিত্য পণ্যের দাম নিয়ন্ত্রণে আনাতে পারছেন না, আমাদের সরকারের আমলে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রি সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে ছিল।

চাকুরী দেওয়ার প্রলোভন দেখিয়ে টাকা নিয়ে উধাও প্রতারক সবুজ

মেহেরপুরের গাংনী উপজেলার চরগোয়াল গ্রামে সেনাবাহিনীর চাকুরী দেওয়ার নামে সবুজ নামের এক যুবকের টাকা নিয়ে উধাও হওয়ার ঘটনা ঘটেছে।

অভিযোগ সূত্রে জানা গেছে, রামনগর পশ্চিম পাড়া গ্রামের আকরাম আলীর ছেলে রাজিবকে সেনাবাহিনীতে চাকুরী দেওয়ার নাম করে সাড়ে ৪ লক্ষ টাকা নিয়ে উধাও হয়েছেন চরগোয়াল গ্রমের রূপসী বাংলা ক্লাব পাড়ার রাজমিস্ত্রি বাদল হোসেনের ছেলে সবুজ।

রাজীবের বাবা আকরাম হোসেন জানান, আমার ছেলেকে সেনাবাহিনীর চাকুরী দেবে এমন শর্তে সাড়ে ৬ লক্ষ টাকার চুক্তি করে সবুজ ও

বাদল। সবুজের বাবা বাদল আমার নিকট থেকে সাড়ে ৪ লক্ষ টাকা নগদ গ্রহণ করেন। বাকী ২লক্ষ ৫০ হাজার টাকা বাবদ আমার নিকট থেকে ব্যাংক চেক ও স্টাম্পে গ্রহণ করে। চাকুরী হলে বাকী টাকা পরিষদ করে চেক ও স্টাম্প ফেরত দেবে এমন শর্তে কথা হয় বাদলের সাথে।

তিনি আরো বলেন, আমার ছেলেকে চাকুরী দিতে পারেনি আমার টাকা ফেরত না দিয়ে সবুজ পালিয়েছে চেক ও স্টাম্প সবুজের বাবা বাদলের কাছে রয়েছে। আমি টাকা ফেরত চাইতে গেলে টাকা ফেরত না দিয়ে বিভিন্ন ভাবে হয়রানি করছে। আপনি যে বাদল ও সবুজকে টাকা দিয়েছেন তার প্রমাণ কি? সাংবাদিকদের এমন প্রশ্নের উত্তরে তিনি জানান, আমার ছেলে রাজিব গোপনে টাকা দেওয়ার ভিডিও ধারণ করে রেখেছে মোবাইলে।

এবিষয়ে রাজিব জানান, সবুজ আমাকে এসএমএস করতে বলে, পরে সেনাবাহিনী থেকে এসএমএস আসার পরে আমাকে নিয়ে সবুজ যশোরে যায়। যশোরে যাওয়ার পর সবুজ আমাকে লাইনে যেতে নিষেধ করে। বলে যে তুমি এখানেই থাকো বিকেলে তোমার এপার্টমেন্ট লেটার আমি নিয়ে আসবো। বিকেল গড়িয়ে সন্ধ্যার পর সবুজ এসে বলে, এপার্টমেন্ট লেটার দিতে কয়দিন দেরি হবে তুমি বাসায় চলে যাও। সবুজের কথামতো বাসায় ফিরে আসি। পরে সবুজকে ফোন দিলে সবুজ আমার সাথে আর যোগাযোগ করে না। পরে জানতে পারি বাদল ও সবুজ বাড়ি থেকে পালিয়েছে।

এব্যাপারে সবুজের চাচা মুন্নার সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, টাকা নেওয়ার বিষয়টি আমি শুনেছি, এমনকি সবুজ ও সবুজের বাবাকে বলেছি টাকা ফেরত দিতে। স্থানীয় একজন যুবক নাম প্রকাশ না করার শর্তে জানান, সবুজ কুষ্টিয়া মেডিক্যাল কলেজে লেখাপড়া করছে। তার সবচেয়ে বড় নেশা হচ্ছে মেয়ে ও নিত্যনতুন পোশাক।

সবুজ মানুষের সাথে প্রতারণা করে বিভিন্ন নামিদামি হোটেল ও বিভিন্ন দামি পোশাক ব্যবহার করেন। তার বাবা রাজমিস্ত্রি হলেও ঠিকমতো কাজ পান না। তার পরেও মাঝে মাঝে প্রায় মোটরসাইকেল পরিবর্তন করেন দামি পোশাক কোথায় পান প্রশ্ন গ্রামের সাধারণ মানুষের।

এ ব্যাপারে সবুজের মুঠোফোনে একাধিক বার ফোন দিয়েও তিনি ফোন রিসিভ করেননি। এব্যাপারে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি বজলুর রহমান জানান, এ বিষয়ে এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি, অভিযোগ পেলে তদন্ত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।